**Series ΣHEFG/C** **Set-4**

**Q.P. Code 5**

Roll No. [ ][ ][ ][ ][ ][ ][ ][ ]

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘন্টা* *সর্বমোট অঙ্ক : **80***

*Time allowed : **3** hours* *Maximum Marks : **80***

- Please check that this question paper contains **19** printed pages.
- Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **18** questions.
- **Please write down the serial number of the question in the answer-book before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

*

***General Instructions :***

*(i)* *The question paper contains 19 printed pages.*

*(ii)* *The question paper contains 18 questions.*

*(iii)* *The question paper is divided into **two** parts.*

| | |
|---|---|
| *Part A : Objective type questions (MCQ)* | *40 Marks* |
| *Part B : Descriptive type questions* | *40 Marks* |

*(iv)* *Part A has **three** sections :*

| | |
|---|---|
| *Section A : Reading (Unseen Comprehension)* | *10 Marks* |
| *Section B : Grammar* | *5 Marks* |
| *Section C : Main Course Book* | *25 Marks* |

*(v)* *Part B has **three** sections :*

| | |
|---|---|
| *Section A : Grammar* | *12 Marks* |
| *Section B : Supplementary Reader/Non-Detailed Text* | *19 Marks* |
| *Section C : Creative Writing* | *9 Marks* |

## PART A : Objective Type Questions (MCQ)

## SECTION A : Reading (Unseen Comprehension)

**1.** নিচের তিনটি অনুচ্ছেদ থেকে যে কোনো ***দুটি*** (Any ***two***) অনুচ্ছেদ বেছে নিয়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো : *1×5=5*

A. আমি সিমলাতে ফিরিয়া আসিয়া কিশোরীনাথ চাটুজ্জেকে বলিলাম, আমি সপ্তাহের মধ্যে আরো উত্তর দিকে উচ্চ উচ্চ পর্বত ভ্রমণে যাইব । আমার সঙ্গে তোমাকে যাইতে হইবে । আমার জন্য একটা ঝাঁপান ও তোমার জন্য একটা ঘোড়া ঠিক করিয়া রাখ । "যে আজ্ঞা বলিয়া তাহার উদ্যোগে সে চলিল । 25 শে জ্যৈষ্ঠ দিবস সিমলা হইতে যাত্রা করিবার দিন স্থির ছিল । আমি সে দিবস অতি প্রত্যুষে উঠিয়া যাইবার জন্য প্রস্তুত হইলাম । আমার ঝাঁপান আসিয়া উপস্থিত, বাঙ্গীবর্দারেরা সব হাজির । আমি কিশোরীকে বলিলাম তোমার ঘোড়া কোথায়, "এই এলো ব'লে, এই এলো ব'লে" বলিয়া সে ব্যস্ত হইয়া পথের দিকে তাকাইতে লাগিল । এক ঘন্টা চলিয়া গেল, তবু তাহার ঘোড়ার কোনো খবর নাই । আমার যাইবার এই বাধা ও বিলম্ব আর সহ্য হইল না । আমি বুঝিলাম যে অধিক শীতের ভয়ে আরো আরো উত্তরে কিশোরী আমার সঙ্গে যাইতে অনিচ্ছুক । আমি তাহাকে

বলিলাম, ‘‘তুমি মনে করিতেছ যে, তুমি আমার সঙ্গে না গেলে আমি একাকী ভ্রমণে যাইতে পারিব না । আমি তোমাকে চাই না, তুমি এখানে থাক । তোমার নিকট পেটরা ও বাক্সর যে সকল চাবি আছে তাহা আমাকে দাও ।’’ আমি তাহার নিকট হইতে সে সকল চাবি লইয়া ঝাঁপানে বসিলাম । বলিলাম ‘‘ঝাঁপান উঠাও’’ ঝাঁপান উঠিল, বাঙ্গীবর্দারেরা বাঙ্গী লইয়া চলিল, হতবুদ্ধি কিশোরী স্তব্ধ হইয়া দাঁড়াইয়া রহিল ।

আমি আনন্দে উৎসাহে বাজার দেখিতে দেখিতে সিমলা ছাড়াইলাম । দুই ঘন্টা চলিয়া একটা পর্ব্বতে যাইয়া দেখি, তাহার পার্শ্ব পর্বতে যাইবার সেতু ভগ্ন হইয়া গিয়াছে, আর চলিবার পথ নাই । ঝাঁপানীরা বলিল, ‘‘যদি এই ভাঙ্গা পুলের কার্নিশ দিয়া একা একা চলিয়া এই পুল পার হইতে পারেন, তবে আমরা খালি ঝাঁপান লইয়া খাদ দিয়া ওপারে যাইয়া আপনাকে ধরিতে পারি ।’’ আমার তখন যেমন মনের বেগ, তেমনি আমি সাহস করিয়া এই উপায়ই অবলম্বন করিলাম । কার্নিশের উপরে একটিমাত্র পা রাখিবার স্থান, হাতে ধরিবার কোন দিকে কোন অবলম্বন নাই, নীচে ভয়ানক গভীর খাদ । ঈশ্বর প্রসাদে আমি তাহা নির্ব্বিঘ্নে লঙ্ঘন করিলাম । ঈশ্বর প্রসাদে যথার্থই — পঙ্গুম লঙ্ঘয়তে গিরিম ।

(i) লেখক ও কিশোরীনাথ কীসে চড়ে পর্বত ভ্রমণে যাওয়ার পরিকল্পনা করেছিলেন ?

- (a) লেখক ঘোড়ায় ও কিশোরীলাল ঝাঁপানে চড়ে ।
- (b) লেখক ঝাঁপানে ও কিশোরীলাল ঘোড়ায় চড়ে ।
- (c) দুজনেই ঝাঁপানে চড়ে ।
- (d) দুজনেই ঘোড়ায় চড়ে ।

(ii) লেখক কিশোরীলাল কে ছেড়ে দিয়ে একাই যাত্রা শুরু করলেন কেন ?

- (a) শীতের ভয়ে উত্তরে যেতে কিশোরীলালের অনিচ্ছা দেখে ।
- (b) বাঙ্গীবর্দাররা থাকায় কিশোরীলালের প্রয়োজন ছিল না বলে ।
- (c) কিশোরীলাল নিজেই যেতে অস্বীকার করেছিল ।
- (d) যাত্রাকালে কিশোরীলাল সেখানে উপস্থিত ছিল না বলে ।

(iii) লেখক কী ভাবে পুল পার হলেন ?

(a) পায়ে হেঁটে খাদ অতিক্রম করে ।

(b) ভাঙাপুলের কার্নিশ দিয়ে পায়ে হেঁটে ।

(c) ঝাঁপানে চড়ে খাদ অতিক্রম করে ।

(d) ঘোড়ায় চড়ে পুল অতিক্রম করে ।

(iv) যাত্রার পূর্বে লেখক কিশোরীলালের কাছ থেকে কী চেয়ে নিলেন ?

(a) বাক্স-পেটরা (b) ঝাঁপান

(c) ঝাঁপানের চাবি (d) বাক্স পেটরার চাবি

(v) অনুচ্ছেদে ব্যবহৃত কোন শব্দটি 'পর্বত'-এর সমার্থক শব্দ ?

(a) গিরি (b) কার্নিশ

(c) পেটরা (d) বাঙ্গী

B. আমার ছোটবেলা কেটেছিল উত্তর বর্মায় । উত্তর বর্মার ছোট একটি শহর মিনবু । মিনবু থেকে একটু দূরে একটি খনিজ তেলের কলোনীতে থাকতাম আমরা ।

আমাদের বাড়ি ছিল একটা টিলার উপরে, টিলার পিছনে ছিল একটি ছোট পাহাড় । সেই পাহাড়ে মাঝে মাঝে আমরা ভাই বোনেরা বেড়াতে যেতাম । পাহাড়ের ওপরে খুব বড়ো আকারের একটা ট্যাঙ্ক ছিল । মাটির নিচে থেকে যত খনিজ তেল বের করা হতো সব পাম্প করে এই ট্যাঙ্কের ভেতরে জমিয়ে রাখা হত । ট্যাঙ্ক পাহারা দিত দুজন লোক, একজন ছিল পাঞ্জাবি শিখ । নাম তার সুমের সিং, বয়স পঁচিশের বেশি নয় । আর চেহারা ছিল চেয়ে দেখবার মতো । এমন বিরাট আকারের জোয়ান মানুষ খুব কমই দেখেছি আমি । আর একজন ছিল বুড়ো বর্মী । নাম তার কোটিন-শোয়ে, বয়স ষাট পেরিয়েছে । চোখে সে কম দেখত, ভালো করে খাড়া হয়ে দাঁড়াতেও পারত না । হাঁটত লাঠিতে ভর দিয়ে । এমন অথর্ব ও অচল মানুষকে পাহারা দেওয়ার কাজে বহাল করা হয়েছে কেন, ভেবে পেতাম না আমরা । সুমের সিং গজর গজর করে বলত, পাহারা তো একা আমিই দিচ্ছি । বুড়ো শুধু বসে বসে ঝিমোয় আফিং খেয়ে ।

কোটিন-শোয়ে পাহারা দিতে না পারুক গল্প করতে কিন্তু খুব পটু ছিল । আমরা তার কাছে গেলে সে আমাদের গুড় ও চিনেবাদাম দিয়ে তৈরী মিঠাই খেতে দিত এবং নানারকম আজগুবি গল্প শোনাত । একদিন আমি কো-টিন-শোয়েকে বললাম, তুমি বুড়ো হয়েছ, হাঁটতেও পার না — চাকরি ছেড়ে দিয়ে তোমার এখন বাড়ি চলে যাওয়া উচিত ।

(i) মিনবু কী ?

(a) একটি দেশের নাম

(b) একটি টিলার নাম

(c) একটি শহরের নাম

(d) একটি তেলের কলোনীর নাম

(ii) নিচের কোনটি কো-টিন-শোয়ের বৈশিষ্ট্য নয় ?

(a) সে জোয়ান, শক্ত-সমর্থ ছিল ।

(b) সে চোখে ভালো দেখতে পেত না ।

(c) সে লাঠিতে ভর দিয়ে হাঁটত ।

(d) সে অথর্ব ও অচল ছিল ।

(iii) সুমের সিং-এর রাগের কারন কী ?

(a) কো-টিন-শোয়ে আফিং খেত বলে ।

(b) কো-টিন-শোয়ে লেখকদের মিঠাই খাওয়াত বলে ।

(c) কো-টিন-শোয়ে তাদের আজগুবি গল্প শোনাত বলে ।

(d) কো-টিন-শোয়ের অক্ষমতার দরুণ সুমের সিং-কে একাই পাহারা দিতে হতো বলে ।

(iv) কীসের আকর্ষণে লেখকরা কো-টিন-শোয়ের কাছে যেতেন ?

(a) মিঠাই ও আজগুবি গল্পের আকর্ষণে ।

(b) মিঠাই ও আফিং-এর আকর্ষণে ।

(c) আফিং ও আজগুবি গল্পের আকর্ষণে ।

(d) আফিং ও সুন্দর চেহারার আকর্ষণে ।

(v) আজগুবি গল্প বলতে কী বোঝায় ?

(a) রোমান্টিক গল্প

(b) হাসির গল্প

(c) অবাস্তব গল্প

(d) গোয়েন্দা গল্প

C. কৈশোরে পা দিয়েই দীনেশচন্দ্র কলকাতায় চলে এলেন বাবার সাথে । বাবা ওঁকে স্কুলে ভর্তি করেন নি, শুধু পড়তে দিয়ে যান বইয়ের পর বই । পাঠ্য বই, গল্পের বই — সবরকম বই । দীনেশচন্দ্র গোগ্রাসে শুধু পড়েন আর পড়েন । বারো তেরো বছর বয়সের মধ্যেই পড়া হয়ে যায় পুরাণ, উপনিষদ, পঞ্চতন্ত্র, হিতোপদেশ, রামায়ণ, মহাভারত । বারবার পড়েন । পড়তে পড়তে কিশোর দীনেশচন্দ্রের মনে গাঁথা হয়ে যায় ভারতীয় সুপ্রাচীন মূল্যবোধ আর অধ্যাত্মবাদী ভাবধারা ।

কিন্তু তখন থেকে কিশোর দীনেশচন্দ্রের মনে একটাই আপসোস, — ছোটদের জন্য যে বই সে তো একদম বাচ্চাদের । আর তারপরেই বড়োদের সাহিত্য । মাঝের যে বয়স, যে বয়সটা জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণ, শুধুমাত্র সেই বয়সী ছেলেমেয়েদের জন্য লেখা কোথায় ? কোথায় তাদের নিজস্ব পত্রিকা ?

ইতিমধ্যে দীনেশচন্দ্র স্কুলের চৌকাঠ না ডিঙিয়েই পরপর উত্তীর্ণ হয়ে গেছেন প্রবেশিকা থেকে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত । এক ঘনিষ্ঠ বন্ধুর কাছ থেকে হঠাৎ পেয়েছেন একখানা বই । বৈজ্ঞানিক বস্তুবাদের আকর গ্রন্থ । পড়তে পড়তে তিন তিনটে রাত বিনিদ্র কেটে গেছে, দীনেশচন্দ্র শুধু ভেবেছেন আর ছটফট করেছেন । যুক্তির শাণিত ফলায় খন্ড বিখন্ড হয়ে গেছে এতকালের অগাধ ধর্ম বিশ্বাস । শেষ পর্যন্ত দীনেশচন্দ্র গ্রহণ করলেন এক নতুন ধর্ম — ধর্মে অখন্ড বিশ্বাসী বাবা অবনীভূষণের ভাষায় ‘মানবধর্ম’ । জীবনের শেষ দিন পর্যন্ত এই ধর্মের প্রতি দীনেশচন্দ্রের আস্থা ছিল অবিচল ।

(i) নিচের কোন বিবৃতিটি দীনেশচন্দ্র সম্পর্কে সত্য ?

(a) দীনেশচন্দ্র স্কুলে কেবল বিজ্ঞান বিষয়ক গ্রন্থ পড়তেন ।

(b) দীনেশচন্দ্রকে ওঁর বাবা স্কুলে ভর্তি করেন নি ।

(c) দীনেশচন্দ্র প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন নি ।

(d) দীনেশচন্দ্র স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন নি ।

(ii) কিশোর দীনেশচন্দ্রের মনে কীসের আপসোস ছিল ?

(a) বাচ্চাদের জন্য কোনো বই লেখা হয় নি ।

(b) ছোটদের জন্য যে সাহিত্য রচিত হয়েছে তা বড়ো বেশি বাচ্চাদের ।

(c) বড়োদের জন্য কোনো সাহিত্য রচিত হয় নি ।

(d) মাঝবয়সীদের জন্য কোনো সাহিত্য রচিত হয় নি ।

(iii) কোন বই পড়ে দীনেশচন্দ্রের মনের অগাধ ধর্ম বিশ্বাস খন্ডিত হয়েছে যুক্তির শাণিত ফলায় ?

(a) পুরাণ, উপনিষদ

(b) পঞ্চতন্ত্র, হিতোপদেশ

(c) রামায়ণ, মহাভারত জাতীয় মহাকাব্য

(d) বৈজ্ঞানিক বস্তুবাদ ভিত্তিক তথ্য সমৃদ্ধ গ্রন্থ

(iv) কিশোর বয়সে দীনেশচন্দ্র কোন ধর্ম গ্রহণ করলেন ?

(a) মানব ধর্ম (b) হিন্দু ধর্ম

(c) মুসলিম ধর্ম (d) খ্রীষ্টান ধর্ম

(v) ‘‘পড়তে পড়তে তিন তিনটে রাত বিনিদ্র কেটে গেছে’’ — বাক্যটিকে সাধুভাষায় লিখলে সঠিক রূপটি হবে —

(a) পড়িতে পড়িতে তিন তিনটে রাত বিনিদ্র কেটে গেছে ।

(b) পড়িতে পড়িতে তিন তিনটে রাত বিনিদ্র কাটিয়া গিয়াছে ।

(c) পড়িতে পড়িতে তিন তিনটে রাত বিনিদ্র কাটিয়া গেছে ।

(d) পড়িতে পড়িতে তিন তিনটে রাত বিনিদ্র কেটে গিয়াছে ।

## SECTION B : Grammar

**2.** যে কোনো ***পাঁচটি*** (Any ***five***) বাগধারা/প্রবাদের সঠিক অর্থটি নির্বাচন কর (MCQ) : *5×1=5*

(i) 'গদাই লস্করি চাল' বাগ্‌ধারাটির অর্থ –

(a) বড়োলোকি চাল

(b) দ্রুত চাল

(c) ধীর গতি

(d) বিদ্যুত গতি

(ii) 'জলের আলপনা' – বাগ্‌ধারাটির অর্থ –

(a) নশ্বর বিষয়

(b) কানায় কানায় পূর্ণ

(c) বিসদৃশ মিশ্রণ

(d) আনন্দ সমাবেশ

(iii) ছেলেটি ভীষণ __________, কথায় কথায় তর্ক করে । শূন্য স্থানটিতে কোন বাগধারাটি বসবে ?

(a) নয়নের মণি

(b) চক্ষুশূল

(c) ইচঁড়ে পাকা

(d) অষ্টরম্ভা

(iv) 'শত্রুতার সম্পর্ক' বোঝাতে কোন বাগধারাটি প্রয়োগ করা হবে ?

(a) মিছরির ছুরির সম্পর্ক

(b) অহি নকুল সম্পর্ক

(c) বালির বাঁধের সম্পর্ক

(d) তাসের ঘরের সম্পর্ক

(v) নীচের কোন বাক্যে ''আঠারো মাসে বছর'' সঠিক প্রয়োগ হয়েছে ?

(a) ছেলেটি কখনই সময়ের মধ্যে লেখা শেষ করতে পারেনা কারণ তার আঠারো মাসে বছর ।

(b) আঠারো মাসে বছর হলে অনেক সময় পাওয়া যায় ।

(c) আঠারো মাসে বছর হতে পারে একথা কেউ মানতে চাইল না ।

(d) তোমার তো আঠারো মাসে বছর, তাই দু হাতে অর্থ উপার্জন করো ।

(vi) ''বালির বাঁধ'' বাগধারাটির অর্থ :

(a) একমাত্র আশ্রয়

(b) নির্ভর যোগ্য নয়

(c) বিশৃঙ্খল অবস্থা

(d) নৈতিক মনোবল

(vii) শূন্যস্থানটিতে কোন বাগ্‌ধারাটির প্রয়োগ সঠিক হবে ?

''তুমি তো দেখছি __________ লোক, মুখের উপর তাকে কড়া কথা শুনিয়ে দিলে ।''

(a) ঠোঁট কাটা

(b) অকাল কুষ্মান্ড

(c) কেউ কেটা

(d) আকাট মূর্খ

(viii) কোন বাগ্‌ধারাটির অর্থ 'নৈতিক মনোবল' ?

(a) উনপঞ্চাশ বাই

(b) আউল বাউল

(c) ঢাকের বাঁয়া

(d) বুকের পাটা

## SECTION C : Main Course Book

**3.** গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর (MCQ)। (যে কোনো ***দশটি***) (Any ***ten***) *10×1=10*

(i) মৃত্যুঞ্জয়ের চরিত্রের কোন বিশেষত্বের জন্য নিখিলের মাঝে মাঝে মৃত্যুঞ্জয় হতে ইচ্ছে করে ?

(a) মৃত্যুঞ্জয় শান্ত, দরদী ভালো মানুষ বলে ।

(b) মৃত্যুঞ্জয় দুর্বলচিত্ত, ভাবপ্রবণ, আদর্শবাদী বলে ।

(c) মৃত্যুঞ্জয়ের ক্রিয়া প্রতিক্রিয়া শ্লথ ও নিস্তজ বলে ।

(d) মনুষ্যজগতের অবক্ষয়িত শক্তির একটা উৎস মৃত্যুঞ্জয়ের মধ্যে রয়েছে বলে ।

(ii) টুনুর মা শয্যাশায়ী হয়ে গিয়েছিল কেন ?

(a) সংসারের পরিশ্রমের ফলে ।

(b) আগে থেকেই সে শয্যাশায়ী ছিল ।

(c) একবেলা না খেয়ে থাকার ফলে ।

(d) অন্নপ্রার্থীদের লাইনে বসার ফলে ।

(iii) ''ভারতবর্ষ'' গল্পটির নামকরণের মধ্য দিয়ে লেখক ভারতবর্ষের কোন আদর্শটি তুলে ধরতে চেয়েছেন ?

(a) অনুন্নত গ্রামের চিত্র

(b) গ্রামবাসীদের দুর্দশার বর্ণনা

(c) ধর্মীয় সম্প্রীতির দিকটি

(d) অহেতু সাম্প্রদায়িক বিবাদের দিকটি

(iv) ''মরবে রে নির্ঘাত মরবে বুড়িটা'' — লোকেরা কেন একথা বলেছিল ?

(a) বুড়ি দুর্যোগের মধ্যে পথ চলতে শুরু করল ।

(b) বুড়ির কাছে চা খাওয়ারও পয়সা ছিল না ।

(c) বুড়ি গালিগালাজ করা লোকেরা তাকে শাপ শাপান্ত করেছিল ।

(d) বুড়ি দীর্ঘ দিন অভূক্ত ছিল ।

(v) কার কথা অনুযায়ী বুড়ি মৃত্যুর পূর্বে ‘‘হরি বোল, হরি বোল’’ বলেছিল ?

(a) নিবারণ বাগদী

(b) ভট্‌চাজ মশাই

(c) ন কড়ি নাপিত

(d) চৌকিদার

(vi) ‘‘কিছুই কী করা যায় না’’ প্রশ্নটি করেছিল —

(a) টুনুর মা মৃত্যুঞ্জয়কে

(b) টুনুর মা নিখিলকে

(c) নিখিল টুনুর মা কে

(d) মৃত্যুঞ্জয় টুনুর মা কে

(vii) গ্রামবাসীদের মেজাজ বিগড়ে যাওয়ার মূল কারণ —

(a) বুড়ি তাদের গালিগালাজ করেছিল

(b) গ্রামে পাকা সড়ক নেই

(c) গ্রামে বিদ্যুৎ নেই

(d) অকাল দুর্যোগে ধানের ক্ষতি হবে

(viii) ‘‘কারো মুখে নালিশ নেই ... প্রতিবাদ নেই’’ — এরা কারা ?

(a) মৃত্যুঞ্জয়ের পরিবারের ন জন সদস্য

(b) মৃত্যুঞ্জয়ের স্ত্রী ও মেয়ে টুনু

(c) লঙ্গারখানার অন্নপ্রার্থীরা

(d) নিখিলের পরিবারের সদস্যরা

(ix) ‘পউষে বাদলা’ সম্পর্কে ‘ডাকপুরুষের’ পুরনো ‘বচন’ অনুসারে বুধবার বৃষ্টি শুরু হলে তা কতদিন স্থায়ী হয় ?

(a) একদিন

(b) তিন দিন

(c) পাঁচ দিন

(d) সাত দিন

(x) "মৃত্যুঞ্জয়ের রকম দেখেই নিখিল অনুমান করতে পারল, বড় একটা সমস্যার সঙ্গে তার সংঘর্ষ হয়েছে ।" এই সমস্যাটি কী ?

(a) দেশের অসংখ্য লোকের অনাহারে মৃত্যু ঘটছে ।

(b) তার নিজের শারীরিক অসুস্থতা ।

(c) স্ত্রীর শারীরিক অসুস্থতা ।

(d) অফিসে বেতন কম পাওয়ায় অর্থাভাব ।

(xi) বাজারে বিদ্যুৎ থাকলেও গ্রামে বিদ্যুৎ নেই কারণ :

(a) গ্রামের লোকেরা বিদ্যুতের ব্যবহার জানে না ।

(b) সরকারী সুযোগ সুবিধা থেকে গ্রামবাসীরা সর্বদাই বঞ্চিত থাকে ।

(c) গ্রামবাসীরা বিদ্যুতের আলো পছন্দ করে না ।

(d) গ্রামবাসীরা লন্ঠন বা প্রদীপের আলোই বেশি পছন্দ করে ।

(xii) মৃত্যুঞ্জয়ের কার্যকলাপ সমর্থনযোগ্য নয় । কারণ সে :

(a) আবেগ সর্বস্ব, নিজের পরিবারের কথা ভাবে না ।

(b) পরোপকারী, কিন্তু আত্মসুখ সর্বস্ব ।

(c) আপন ভোলা, অন্যের কথা ভাবে না ।

(d) আত্মসুখ সর্বস্ব, স্বার্থচিন্তায় মগ্ন ।

**4.** পাঠ্য আন্তর্জাতিক কবিতা থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ : (যে কোনো ***পাঁচটি***) (MCQ) (Any ***five***) *5×1=5*

(i) মজুরদের প্রশ্ন কী হবে বলে কবি মনে করেন ?

(a) কেন তারা পরিশ্রমের তুলনায় কম টাকা পায় ।

(b) কেন বিপদে রাজারা তাদের স্মরণ করেন না ।

(c) কেন তারা ইতিহাসের পাতায় স্থান পায় না ।

(d) কেন তাদের পাথর বয়ে আনতে হয় ?

(ii) সমাজের ধারক ও বাহক হওয়া সত্ত্বেও তারা প্রকৃত সম্মান পায় না কেন ?

(a) তারা পড়তে শিখেছে তাই ।

(b) তারা যথেষ্ট পরিশ্রম করে না তাই ।

(c) তারা মালিকের প্রতি যথেষ্ট বিশ্বস্ত নয় বলে ।

(d) তারা অশিক্ষিত এবং প্রাপ্য সম্পর্কে সচেতন নয় বলে ।

(iii) যে কোনো বড়ো অট্টালিকা গড়ে তুলতে কীসের অবদানের কথা বইয়ে উল্লেখ করা হয় না ?

(a) শ্রমিকের পরিশ্রম

(b) অট্টালিকার জৌলুস

(c) রাজার অর্থ সাহায্য

(d) রাজার পৃষ্ঠপোষকতা

(iv) কবিতার মাধ্যমে কবি কী বলতে চেয়েছেন ?

(a) শ্রমিকদের বেতন বাড়াতে হবে ।

(b) শ্রমিকদের রাজার মতো সম্মান দিতে হবে ।

(c) শ্রমিকদের পড়াশোনা শেখতে হবে ।

(d) শ্রমিকদের কাজ বন্ধ করতে হবে ।

(v) ‘‘আমরা প্রাপ্য সম্মান থেকে বঞ্চিত কেন ?’’ — কখন শ্রমিকরা এই প্রশ্ন করবে বলে কবির মনে হয়েছে ।

(a) যখন তারা কাজ ছেড়ে দেবে ।

(b) যখন তারা শিক্ষিত হবে ।

(c) যখন তারা ধনী হবে ।

(d) যখন তারা রাজার মতো ক্ষমতাশালী হবে ।

(vi) প্রদত্ত বিবৃতি দুটি পড়ে উত্তর দাও :

বিবৃতি-1 : কবি পড়তে না জানা মজুরদের অধিকার বোধ জাগ্রত করতে চান ।

কারণ-2 : কবি পড়তে জানা মজুরদের বিলাসবহুল জীবন যাপন দেখতে চান ।

(a) বিবৃতি-1 এবং বিবৃতি-2 দুটোই ঠিক

(b) বিবৃতি-1 এবং বিবৃতি-2 দুটোই ভুল

(c) বিবৃতি-1 ভুল; বিবৃতি-2 ঠিক

(d) বিবৃতি-1 ঠিক; বিবৃতি-2 ভুল

**5.** নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর (MCQ) : (যে কোনো ***পাঁচটি***) (Any ***five***) *5×1=5*

(i) মঞ্চে প্রবেশ কালে রজনীকান্তের হাতে কী ছিল ?

(a) জ্বলন্ত প্রদীপ

(b) জ্বলন্ত মোমবাতি

(c) একটি টুল

(d) কিছু যন্ত্রপাতি

(ii) নাটকে যে রাত্রির দৃশ্য দেখানো হয়েছে তার আগের দিন রজনীকান্ত কোন চরিত্রে অভিনয় করেছিলেন ?

(a) ঔরঙ্গজীব

(b) বক্তিয়ার

(c) দিলদার

(d) মহম্মদ

(iii) কালীনাথ রোজ রাতে গ্রীণরুমে ঘুমোতেন কেন ?

(a) থিয়েটার হলটি পাহারা দেওয়ার জন্য ।

(b) কোথাও তার শোয়ার জায়গা ছিল না ।

(c) মালিক তাকে এই নির্দেশ দিয়েছে ।

(d) গ্রীণরুমের প্রতি তার অগাধ ভালবাসার জন্য ।

(iv) রজনীকান্তের মতে, দর্শকদের কাছ থেকে অভিনেতারা কোন প্রাপ্য পান না ?

(a) অর্থ

(b) খ্যাতি

(c) প্রশংসা

(d) সামাজিক সম্মান

(v) ''মহম্মদের ক্যাচটা দাও তো'' — এখানে ক্যাচ মানে —

(a) ক্রিকেটের বল লুফে নেওয়া ।

(b) একটি সংলাপের পরের সংলাপ বলার সঠিক মূহুর্ত্তটি ধরতে পারা ।

(c) ছুড়েঁ দেওয়া বস্তু লুফে নেওয়া ।

(d) সংলাপ ভুলে গেলে মনে করিয়ে দেওয়া ।

(vi) রজনীকান্তের হতাশার কারণ কী ?

(a) অভিনয় ক্ষমতা কমে যাওয়া

(b) স্মরণশক্তি কমে যাওয়া

(c) অসুস্থতা

(d) একাকীত্ব বোধ

**6.** সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন (MCQ) কর : (যে কোনো ***পাঁচটি***) (Any ***five***) *5×1=5*

(i) চৈত্রমাসে মৈমনসিংহ গিয়ে রাত্তিরে উত্তর শিয়রে কী দেখা যায় ?

(a) ছাইয়ের আস্তরণ

(b) একরাশ ধোঁয়া

(c) কালো মেঘ

(d) ঘন কুয়াশা

(ii) গারোবাসীরা মাচার উপর ঘর বাঁধে কেন ?

(a) বুনো জন্তু জানোয়ারের ভয়ে

(b) বন্যার প্রকোপ থেকে বাঁচার জন্য

(c) জমিদারের ভয়ে

(d) তারা উঁচুতে থাকতে ভালো বাসে

(iii) নিবেদন সরকারের কত বিঘা জমি মহাজন দেনার দায়ে কেড়ে নিয়েছিল ?

(a) ষাট বিঘা

(b) ছেষট্টি বিঘা

(c) বাষট্টি বিঘা

(d) পয়ষট্টি বিঘা

(iv) রাজা ভাত খাওয়া স্টেশনে নেমে চা খেতে গিয়ে লেখক জানতে পারলেন এখানকার লোকেরা একঘেয়ে জীবনে একটু বৈচিত্র্য আনার জন্য —

(a) চা বিক্রি করে

(b) থিয়েটার করে

(c) রঙ মেখে সাজ গোজ করে

(d) কাঠের ব্যবসা করে

(v) যারা দেশকে ভালবাসে বলে ইংরেজ সরকার যাদের বন্দী করেছিল তাদের জেল

(a) প্রেসিডেন্সিতে (b) দমদমে

(c) বক্সায় (d) আলিপুরে

(vi) ‘‘ছাতির বদলে হাতি’’ গল্পে মহাজনদের কোন চারিত্রিক বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে ?

(a) উদারতা (b) নিষ্ঠুরতা

(c) কৃপণতা (d) প্রবঞ্চকতা

## PART B : Descriptive Type Questions

### SECTION A : Grammar

**7.** ধ্বনি বিজ্ঞানের নিম্নলিখিত সূত্রটির দুটি উদাহরণসহ সংজ্ঞা লেখ : *2+3=5*

অপিনিহিতি

**8.** নিম্নলিখিত অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা লেখ : *5*

অনুপ্রাস

**অথবা (OR)**

অলঙ্কার নির্ণয় কর এবং সংজ্ঞা লেখ : (***একটি***) (Any ***one***)

(a) নন্দপুরচন্দ্র বিনা বৃন্দাবন অন্ধকার

(b) পাইয়া চরণ তরি তরি ভবে আশা

(c) চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা

**9.** যে কোনো ***একটি*** (Any ***one***) বাগ্‌ধারা/প্রবাদের অর্থ লিখে বাক্য রচনা কর : *2×1=2*

কেঁচে গন্ডুষ করা, জগা খিচুড়ি

## SECTION B : Supplementary Reader/Non-Detailed Text

**10.** ভারতবর্ষ গল্পে দাঙ্গা কাদের মধ্যে, কেন হয়েছিল ? *1×2=2*

**11.** ‘‘মরে গেল ! না খেয়ে মরে গেল !’’

যে দৃশ্য দেখে বক্তা এই উক্তি করেছেন বক্তার মানসিকতায় তার প্রতিক্রিয়া কীরূপ হয়েছিল ? *1×3=3*

**অথবা (OR)**

‘‘সেই সময় এলো এক বুড়ি । থুত্থুরে কুঁজো ভিখিরি বুড়ি’’ — বুড়ির চেহারার বর্ণনা দাও ।

**12.** প্রসঙ্গ সহ ব্যাখ্যা লেখ : (Any ***one***) *1×5=5*

‘‘শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়’’

**অথবা (OR)**

‘‘আমার বিবেক, আমার বারুদ বিস্ফোরণের আগে’’

**13.** “নানারঙের দিন” নাটকে কোন মানুষটি গ্রীণরুমে কেন শুতেন ? *1×2=2*

**14.** “শিল্পকে যে মানুষ ভালবেসেছে তার বার্ধক্য নেই’’ — উক্তিটির মাধ্যমে বক্তা কী বোঝাতে চেয়েছেন ? *1×3=3*

**অথবা (OR)**

‘‘একদিন একটা মেয়ে থিয়েটার দেখে প্রেমে পড়ল আমার’’ — সেই প্রেমের পরিণতি কী এবং কেন হয়েছিল ?

**15.** ‘‘একটা দুষ্টু শনি কোথাও কোনো আনাচে যেন লুকিয়ে আছে’’ — এই দুষ্টু শনি কারা এবং তারা কী করত ? *1×2=2*

**16.** ‘‘চেংমান বুঝতে পারে এবার সে ইঁদুর কলে পড়েছে ।’’ — চেংমান কীভাবে ইঁদুরকলে পড়েছিল ? *1×2=2*

## SECTION C : Creative Writing

**17.** নিচে সংবাদ পত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হল । এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : *2+2=4*

সম্প্রতি দেশের নানা জায়গায় ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব দেখা গিয়েছে । শহর এলাকাগুলিতেই যেন এই রোগের প্রকোপটা বেশি । এক শ্রেণীর মশা-ই এই রোগের আক্রমণের কারণ । ডেঙ্গুতে আক্রান্ত হয়ে বেশ কিছু লোক মারা গেছে । তাই সরকারের পক্ষ থেকে জনসাধারণের মধ্যে এই রোগের সংক্রমণের কারণগুলি সম্বন্ধে সচেতনতা বৃদ্ধির চেষ্টা চলছে । জনবসতিপূর্ণ স্থানগুলিতে রঙ্গীন বড়-বড় পোষ্টার লাগিয়ে তাতে ছবি যোগ করে মশার বংশবৃদ্ধি রোধ করার উপায় সম্বন্ধে জনসাধারণকে অবহিত করা হচ্ছে । মানুষের শরীরে ডেঙ্গু রোগের সংক্রমণ হলে কী কী লক্ষণ প্রকাশ পায় সেগুলি-ও ঐ পোষ্টারগুলিতে জানানো হচ্ছে । ঘনবসতিপূর্ণ এলাকায় মশানাশক ধোঁয়া ছড়িয়েও চেষ্টা করা হচ্ছে যাতে ডেঙ্গু না ছড়ায় । কিন্তু এত চেষ্টা সত্বে ও এই রোগটিকে ঠিক বাগে আনা যাচ্ছে না ।

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) দুটি বাক্যে বিষয়টির উপর আলোকপাত কর ।

**18.** প্লাষ্টিক ব্যবহারের ক্ষতিকারক সম্ভাবনা বুঝিয়ে বন্ধুকে প্লাষ্টিক বর্জনের পরামর্শ দিয়ে একটি পত্র লেখ । *1×5=5*

**অথবা (OR)**

তোমার বাবা বিদেশে কর্মরত । তাঁকে করোনা থেকে রক্ষা পাওয়ার নিয়মগুলি মেনে চলার অনুরোধ জানিয়ে একটি পত্র লেখ ।